# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ২/কল/ পাব-৯০৯(২য়)/৯২৬ তারিখ: ০৮.০৪.২০২৪

বিষয় : মামলা পরিচালনার দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র : চেয়ারম্যান মহোদয়ের গত ৩১/০৩/২০২৪ খ্রী: তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, পাবনা জেলার সাঁথিয়া উপজেলাধীন দেবীপুর তেবাড়ীয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ-এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন বিষয়ে জেলা পাবনার বিজ্ঞ সাঁথিয়া উপজেলা সিনিয়র সহকারী জজ আদালতে মোকদ্দমা নম্বর : ও/সি-০২/২০২৪ দায়ের করা হয়েছে। উক্ত মামলায় কলেজ পরিদর্শক, রাজশাহী শিক্ষা বোর্ড-কে ৩ নম্বর বিবাদী করা হয়েছে।

এমতাবস্থায়, মামলাটি অত্র বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য আপনাকে দায়িত্ব দেয়া হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার যাবতীয় ব্যয়ভার কলেজ কর্তৃপক্ষ বহন করবেন।

**চেয়ারম্যানের আদেশক্রমে**

০৮.০৪.২৪

**মো: এনামুল হক**
আইডি নং-০১৫২৫৮
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

**মো: তাজুল ইসলাম**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দেবীপুর তেবাড়ীয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-তেবাড়ীয়া, উপজেলা-সাঁথিয়া, জেলা-পাবনা

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর মা/কল/ পাব-৯০৯(২য়)/৯১৫ তারিখ ০৮.০৪.২০২৪

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)-এর গত ১৪/০১/২০২৪ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, পরপর দুইবার এডহক কমিটি নেবার পরেও নিয়মিত গভর্ণিং বডি গঠন করতে না পারায় যৌক্তিক কারণ সম্বলিত ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশ দেয়া হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৮.০৪.২৪

মোঃ এনামুল হক
আইডি নং-০১৫২৫৮
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দেবীপুর তেবাড়ীয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-তেবাড়ীয়া, উপজেলা-সাঁথিয়া, জেলা-পাবনা

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ২/কল/পাব-৯০৯(২য়)/৯৭৭ তারিখ ০৮.০৪.২০২৪

বিষয় : অবহিতকরণ।

সূত্র : জনাব মো: সাইফুল ইসলাম, সহকারী শিক্ষক, দেবীপুর তেবাড়ীয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ, সাঁথিয়া, পাবনা-এর গত ৩১/০৮/২০২৩ খ্রি: তারিখের আবেদন এবং জেলা শিক্ষা অফিসার-পাবনা'র গত ৩০/১১/২০২৩ খ্রি: তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, পাবনা জেলার সাঁথিয়া উপজেলাধীন দেবীপুর তেবাড়ীয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ-এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) নিয়োগে অনিয়ম হয়েছে মর্মে অভিযোগ উত্থাপিত হলে বিষয়টি তদন্ত পূর্বক একটি প্রতিবেদন দাখিল করার জন্য জেলা শিক্ষা অফিসার-পাবনা কে দায়িত্ব দেয়া হয়। কিন্তু তদন্তকারী কর্মকর্তা তার প্রতিবেদনে সুস্পষ্ট কোন মতামত প্রদান না করায় আপাতত: তদবিষয়ে কোন পদক্ষেপ নেয়া সম্ভব হচ্ছে না।

বিষয়টি আপনাকে অবহিত করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৮.০৪.২৪

মো: এনামুল হক
আইডি নং-০১৫২৫৮
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

মো: সাইফুল ইসলাম
সহকারী শিক্ষক
দেবীপুর তেবাড়ীয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-তেবাড়ীয়া, উপজেলা-সাঁথিয়া, জেলা-পাবনা
মোবাইল-০১৭১৫-৩১৯৬৯২

তদন্ত

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................... তারিখ ..............................

বিষয় : নিয়োগ নির্বাচনী বোর্ডে প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষ, ফুলকোচা কলেজ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ-এর গত ২০/০৩/২০২৪ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০২১ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০২.২০১৬.০৬, তারিখ-১০ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ মোতাবেক ইস্যুকৃত পত্রের নির্দেশমালা অনুযায়ী সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন ফুলকোচা কলেজ-এ ০১ জন অফিস সহকারী কাম হিসাব সহকারী ও ০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর নিয়োগের জন্য নিয়োগ নির্বাচনী বোর্ডে এ বোর্ডের প্রতিনিধি হিসেবে জনাব মোঃ এনামুল হক, কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী-কে মনোনীত করা হ'ল।

স্বাঃ/-

**সভাপতি, গভর্নিং বডি**
ফুলকোচা কলেজ
ডাক-ফুলকোচা, উপজেলা-সিরাজগঞ্জ সদর
জেলা-সিরাজগঞ্জ

**প্রফেসর ড. মোঃ অলীউল আলম-১০২৬৫**
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর ২/কল/পাব-৮-৬৭/৯২৮ তারিখ ০৯.০৪.২০২৪

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৩। মোঃ এনামুল হক, কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৪। উপজেলা নির্বাহী অফিসার- সিরাজগঞ্জ সদর
ডাক ও উপজেলা-সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ
৫। অধ্যক্ষ, ফুলকোচা কলেজ
ডাক-ফুলকোচা, উপজেলা-সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

৪/৪/২৪

০৪.০৪.২৪

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ................................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
আড়ানী ডিগ্রী কলেজ
ডাক-আড়ানী, উপজেলা-বাঘা, জেলা-রাজশাহী

**বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

**সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ-০৭/০২/২০২৪ খ্রিঃ**

নিম্নেবর্ণিত শাখা ও বিষয়সমূহে অত্র বোর্ড কর্তৃক আপনার মহাবিদ্যালয়ের স্বীকৃতি ০১/০৭/২০২৪ হতে ৩০/০৬/২০২৭ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা হ'ল।

| | | |
|---|---|---|
| আবশ্যিক বিষয় | : | (১) ইংরেজী (২) বাংলা (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| নৈর্বাচনিক বিষয় | | |
| (ক) মানবিক শাখা | : | অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, যুক্তিবিদ্যা, মনোবিজ্ঞান, ভূগোল, সমাজ কর্ম। |
| (খ) ব্যবসায় শিক্ষা শাখা | : | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন। |
| (গ) বিজ্ঞান শাখা | : | পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত। |
| (ঘ) কৃষি বিজ্ঞান শাখা | : | কৃষি শিক্ষা, পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন। |

(পরিসংখ্যান বিষয় সকল শাখার জন্য)

উল্লেখ্য যে, অত্র বোর্ডের আর, এ-৬৫ এর বিধি অনুসারে শিক্ষা বৎসর আরম্ভের ৪ (চার) মাস পূর্বে নির্ধারিত ফরমে স্বীকৃতি নবায়নের দরখাস্ত অত্র বোর্ডে দাখিল করতে হবে।

**চেয়ারম্যানের আদেশক্রমে**

স্বা/-

**মোঃ এনামুল হক**
আইডি নং-০১৫২৫৮
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর স্বকল/ রাব-১৯/৯৭২ তারিখ ০৮.০৪.২০২৪

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ</u>

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২. জেলা প্রশাসক, রাজশাহী
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘা, রাজশাহী
৫. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চঃ দাঃ), শিক্ষা বোর্ড রাজশাহী
৬. শাখা কর্মকর্তা, কলেজ নিবন্ধন শাখা, শিক্ষা বোর্ড, রাজশাহী

০৮.০৪.২৪

**কলেজ পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

২৮/০৩/২৪

২৮.০৩.২৪